

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এফইপিডি সার্কুলার নং-৩৭

তারিখঃ ১৫ অক্টোবর, ২০১৭

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার ব্যাংক

প্রিয় মহোদয়,

কারেন্সি নোট আমদানি ও রপ্তানি।

বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ১৯৪৭(সংশোধিত ২০১৫) এর ৮(১) ধারা ও ২ মে, ১৯৪৯ তারিখের সরকারী প্রজ্ঞাপন নং-এফ১(৮)-ইএফ/৪৯ দ্বারা অর্পিত এখতিয়ারবলে বাংলাদেশ ব্যাংকের ৩০ শে জানুয়ারী, ২০১৪ তারিখের প্রজ্ঞাপন এফই-০১/২০১৪-বিবি এবং একই তারিখে জারীকৃত এফইপিডি সার্কুলার নং-০৫ এর সূত্রে বিদেশ হতে বাংলাদেশে আগমনকালে এবং বাংলাদেশ হতে বহির্গমনকালে বহনযোগ্য বাংলাদেশী কারেন্সির পরিমাণ মাথাপিছু টাকা ৫,০০০/- (পাঁচ হাজার) হতে টাকা ১০,০০০/- (দশ হাজার) এ উন্নীত করা হলো।

এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ১৫/১০/২০১৭ তারিখের প্রজ্ঞাপন নং এফই-০১/২০১৭-বিবি অপর পৃষ্ঠায় পুনঃমুদ্রিত হলো।

০২। গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স, ২০০৯ এর প্রথম খন্ডের ষষ্ঠ অধ্যায়ের ১ নং ও ৯ নং অনুচ্ছেদের নির্দেশাবলী এতদনুসারে সংশোধিত বিবেচিত হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে উল্লিখিত বিষয়টি অবহিত করবেন।

আপনার বিশ্বস্ত



(মোঃ শহিদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ-৯৫৩০৬২৫

বাংলাদেশ ব্যাংক
প্রজ্ঞাপন নং এফই-০১/২০১৭-বিবি
ঢাকা, ৩০ আশ্বিন, ১৪২৪ (১৫ অক্টোবর, ২০১৭)

কারেন্সি নোট আমদানি ও রপ্তানি

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৩০ জানুয়ারী, ২০১৪(১৭ মাঘ, ১৪২০) তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-এফই-০১/২০১৪-বিবি এতদ্বারা নিম্নরূপে সংশোধিত হলোঃ-

বিদেশ হতে বাংলাদেশে আগমনকালে এবং বাংলাদেশ হতে বহির্গমনকালে বহনযোগ্য বাংলাদেশী কারেন্সির পরিমাণ মাথাপিছু টাকা ৫,০০০/- (পাঁচ হাজার) হতে টাকা ১০,০০০/- (দশ হাজার) এ উন্নীত করা হলো।

স্বাক্ষরিত/-

(আবু হেনা মোহাঃ রাজী হাসান)
ডেপুটি গভর্নর